# নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজার মূল্য পরিস্থিতির মাসিক প্রতিবেদন

## মাসের নামঃ ডিসেম্বর/২০২৩ খ্রিঃ

**ফসলের নামঃ চাল, গম, আটা ও ভুট্টাঃ**

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংকলিত জাতীয় গড় বাজারদর তথ্য অনুযায়ী ডিসেম্বর/২০২৩ মাসে চাল, গম, আটা ও ভুট্টার বাজারদর ভিত্তিক পর্যবেক্ষণ প্রতিবেদন নিম্নরূপ:

**১। বাজারদর হ্রাস/বৃদ্ধি পরিস্থিতি:**

ডিসেম্বর/২০২৩ মাসে জেলা অফিসসমূহ হতে প্রাপ্ত সাপ্তাহান্তিক বাজারদর বুলেটিন কৃষি বিপণন অধিদপ্তরের সদর দপ্তরে সংকলন করা হয়েছে। সংকলিত উক্ত বাজারদরের তথ্যানুযায়ী চাল, গম, আটা ও ভুট্টার জাতীয় গড় বাজারদর নভেম্বর/২০২৩ মাসের বাজারদরের সাথে তুলনামূলক বিবরণ নিম্নে সারণীতে দেখানো হলো:

সারণী – ১.১ (মূল্য টাকায়)

| কৃষিপণ্য | ডিসেম্বর/২৩ মাসের গড় বাজারদর | | নভেম্বর/২৩ মাসের গড় বাজারদর | | এক মাসের ব্যবধানে দামের হ্রাস/বৃদ্ধি | | শতকরা হারে দামের হ্রাস/বৃদ্ধি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | পাইকারী (প্রতি কুইন্টাল) | খুচরা (প্রতি কেজি) | পাইকারী (প্রতি কুইন্টাল) | খুচরা (প্রতি কেজি) | পাইকারী (প্রতি কুইন্টাল) | খুচরা (প্রতি কেজি) | কুইন্টালে % | কেজিতে % |
| মোটা চাল | ৪৫০৫ | ৪৮.৫১ | ৪৪৮৫ | ৪৫.৫২ | ২০ | ২.৯৯ | ০.৪৫% | ৬.৫৭% |
| মাঝারি চাল | ৫২০৮ | ৫৫.৮৬ | ৫২০১ | ৫৫.৬২ | ৭ | ০.২৪ | ০.১৩% | ০.৪৩% |
| সরু চাল | ৬২৭৩ | ৬৬.৭১ | ৬২৪৬ | ৬৬.৬৯ | ২৭ | ০.০২ | ০.৪৩% | ০.০৩% |
| গম (লাল) | ৩৯৫৮ | ৪২.৯৫ | ৩৯১৬ | ৪২.৭৭ | ৪২ | ০.১৮ | ১.০৭% | ০.৪২% |
| আটা (খোলা) | ৪২১৫ | ৪৫.৮৫ | ৪১৩০ | ৪৩.২২ | ৮৫ | ২.৬৩ | ২.০৬% | ৬.০৯% |
| ভুট্টা | ৩৩৩১ | ৩৮.০৩ | ২৯৫৫ | ৩২.৫২ | ৩৭৬ | ৫.৫১ | ১২.৭২% | ১৬.৯৪% |

উপরোক্ত বাজারদর সারণীতে দেখা যায়, মোটা, মাঝারী ও সরু চাল নভেম্বর/২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ মাসে কুইন্টাল প্রতি পাইকারী গড় দাম যথাক্রমে ০.৪৫%, ০.১৩% ও ০.৪৩% হারে বৃদ্ধি পেয়েছে। খুচরা গড় দাম কেজি প্রতি মোটা, মাঝারী ও সরু চাল যথাক্রমে ৬.৫৭%, ০.৪৩% ও ০.০৩% হারে বৃদ্ধি পেয়েছে। গম (লাল) এর পাইকারী গড় দাম কুইন্টাল প্রতি ১.০৭% এবং খুচরা গড় দাম কেজি প্রতি ০.৪২% বৃদ্ধি পেয়েছে। আটা (খোলা) এর পাইকারী গড় দাম কুইন্টাল প্রতি ২.০৬% ও খুচরা গড় দাম কেজি প্রতি ৬.০৯% হারে বৃদ্ধি পেয়েছে। ভুট্টা এর পাইকারী গড় দাম কুইন্টাল প্রতি ১২.৭২% ও খুচরা গড় দাম কেজি প্রতি ১৬.৯৪% বৃদ্ধি পেয়েছে।

ডিসেম্বর/২০২৩ মাসে কৃষিপণ্য সমূহের পাইকারী ও খুচরা গড় বাজারদর পরিবর্তনের চিত্র নিম্নে দেখানো হলো:






ডিসেম্বর/২০২৩ ও নভেম্বর/২০২৩ মাসের তুলনামূলক বাজারদর সারণী ও গ্রাফে প্রতিফলিত হয়েছে নভেম্বর/২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ মাসে চাল মোটা, মাঝারী ও সরু চাল এবং গম, আটা (খোলা), ভুট্টা এর পাইকারী ও খুচরা গড় দাম বৃদ্ধি পেয়েছে।

ডিসেম্বর/২০২৩ মাসের বাজারদর পরিস্থিতি পর্যালোচনায় বিগত বছরগুলোর সাথে চলতি বছরের ডিসেম্বর/২০২৩ মাসের বাজারদর তুলনা করা যেতে পারে। সুতরাং ডিসেম্বর/২০২৩ মাসের গড় বাজার দরকে কেন্দ্রবিন্দু ধরে ০৫ বছরের পাইকারী ও খুচরা গড় বাজারদর তথ্য নিম্নে দেখানো হলো:

**সারণী- ১.২** (টাকায়/কুইন্টাল)

| মাস / কৃষিপণ্য | ডিসেম্বর/১৯ | ডিসেম্বর/২০ | ডিসেম্বর/২১ | ডিসেম্বর/২২ | ডিসেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|
| **মোটা চাল** | ২৬৮১ | ৪১০৩ | ৩৯৮৪ | ৪৫৩৬ | ৪৫০৫ |
| **মাঝারি চাল** | ৩২৯৩ | ৪৬২৭ | ৪৬২৯ | ৫৩১৪ | ৫২০৮ |
| **সরু চাল** | ৪৮২২ | ৫৪৯৩ | ৫৮১৭ | ৬৯৩৪ | ৬২৭৩ |
| **লাল গম** | ২৪৮১ | ২৫৪৯ | ২৮৭৩ | ৪৯২৭ | ৩৯৫৮ |
| **খোলা আটা** | ২৫০৯ | ২৫৯৩ | ৩০৫৫ | ৫৫৯৭ | ৪২১৫ |
| **ভুট্টা** | ১৯৩৪ | ১৯৫৩ | ২৫৫৫ | ৩৮২৮ | ৩৩৩১ |

তথ্যসূত্রঃ ডিএএম

❖ **নিম্নে মোটা, মাঝারি ও সরু চালের তুলনামূলক পাইকারী বাজারদর গ্রাফে উপস্থাপন করা হলো:**




**৫ বছরের খুচরা গড় বাজারদরের তথ্য নিম্নে দেখানো হলো:**

**সারণী – ১.৩** (টাকায়/কেজি)

| মাস / কৃষিপণ্য | ডিসেম্বর/১৯ | ডিসেম্বর/২০ | ডিসেম্বর/২১ | ডিসেম্বর/২২ | ডিসেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|
| **মোটা চাল** | ২৯.৩১ | ৪৩.৪৬ | ৪২.৩২ | ৪৮.২১ | ৪৮.৫১ |
| **মাঝারি চাল** | ৩৫.৩৪ | ৪৮.৭৭ | ৪৯.১৩ | ৫৬.৩৬ | ৫৫.৮৬ |
| **সরু চাল** | ৫১.২৩ | ৫৮.০১ | ৬১.২৯ | ৭৩.২২ | ৬৬.৭১ |
| **লাল গম** | ২৭.৮৮ | ২৮.৬৩ | ৩১.০২ | ৫২.১৪ | ৪২.৯৫ |
| **খোলা আটা** | ২৭.৬৪ | ২৮.৩০ | ৩৩.২৬ | ৫৯.৯০ | ৪৫.৮৫ |
| **ভুট্টা** | ২২.২৭ | ২২.৫৯ | ২৮.১২ | ৪০.৯৫ | ৩৮.০৩ |

তথ্যসূত্রঃ ডিএএম

০৫ বছরের একই সময়ের অর্থাৎ ডিসেম্বর/২০২৩ মাসের চালের বাজারদর হ্রাস/বৃদ্ধির তুলনামূলক পরিস্থিতি নিয়ে গ্রাফের সাহায্যে দেখানো হলো।

❖ **নিম্নে মোটা, মাঝারি ও সরু চালের তুলনামূলক খুচরা বাজারদর গ্রাফে উপস্থাপন করা হলো:**




- গ্রাফে বিগত ৫ বছরের ডিসেম্বর মাসের তুলনায় ২০২৩ সালের ডিসেম্বর মাসে মোটা, মাঝারি ও সরু চালের বাজারদরের হ্রাস/বৃদ্ধি দেখানো হয়েছে। ডিসেম্বর/২০২৩ মাসে সকল প্রকার চালের পাইকারী ও খুচরা পর্যায়ে বাজারদর বৃদ্ধি পেয়েছে।

## ২। বাজারদর প্রবনতা:

➤ কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংকলিত গত ০৬ মাসে চাল, গম, আটা ও ভুট্টার জাতীয় পাইকারী ও খুচরা গড় বাজারদরের চিত্র নিম্নরূপঃ

সারণী – ১.৪ (টাকায়/কুইন্টাল)

| পণ্য | বিবরণ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২৩ | ডিসেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|---|
| চাল | মোটা | ৪২৪১ | ৪৩৩৪ | ৪৩৯৫ | ৪৩৬৪ | ৪৪৮৫ | ৪৫০৫ |
| | মাঝারি | ৫১৪৩ | ৫১৪৯ | ৫২০১ | ৫১২৯ | ৫২০১ | ৫২০৮ |
| | সরু | ৬৩১৭ | ৬৩৯০ | ৬৩৯৭ | ৬২১০ | ৬২৪৬ | ৬২৭৩ |
| গম | লাল | ৪৩২১ | ৪২৩৬ | ৪২৮০ | ৪১৮৭ | ৩৯১৬ | ৩৯৫৮ |
| আটা | খোলা | ৪৫৩৭ | ৪৩৩৩ | ৪৩৫০ | ৪২২০ | ৪১৩০ | ৪২১৫ |
| ভুট্টা | রবি | ২৬৭০ | ২৮১৯ | ২৯৮৬ | ৩০৪৩ | ২৯৫৫ | ৩৩৩১ |

- এক মাসের ব্যবধানে ডিসেম্বর/২০২৩ মাসে লাল গম কুইন্টাল প্রতি পাইকারী মূল্য ৪২/- টাকা, খোলা আটা ৮৫/- টাকা এবং ভুট্টা ৩৭৬/- টাকা বৃদ্ধি পেয়েছে ।

সারণী – ১.৫ (টাকায়/কেজি)

| পণ্য | বিবরণ | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২৩ | ডিসেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|---|
| চাল | মোটা | ৪৪.৫৮ | ৪৬.৪৬ | ৪৬.৫১ | ৪৪.১৫ | ৪৫.৫২ | ৪৮.৫১ |
| | মাঝারি | ৫৪.৮৮ | ৫৪.৯৩ | ৫৫.০০ | ৫৪.৭৯ | ৫৫.৬২ | ৫৫.৮৬ |
| | সরু | ৬৭.০৩ | ৬৭.৪১ | ৬৭.৫১ | ৬৬.১৯ | ৬৬.৬৯ | ৬৬.৭১ |
| গম | লাল | ৪৭.১৭ | ৪৬.০৭ | ৪৬.২৭ | ৪৩.৯১ | ৪২.৭৭ | ৪২.৯৫ |
| আটা | খোলা | ৪৯.৫৩ | ৪৭.৪৫ | ৪৭.৫৮ | ৪৪.৯৯ | ৪৩.২২ | ৪৫.৮৫ |
| ভুট্টা | রবি | ৩০.৮৮ | ৩১.৮৫ | ৩৪.০১ | ৩৪.৯৮ | ৩২.৫২ | ৩৮.০৩ |

- এক মাসের ব্যবধানে ডিসেম্বর/২০২৩ মাসে কেজি প্রতি খুচরা মূল্য লাল গম ০.১৮/- টাকা, খোলা আটা ২.৬৩/- টাকা এবং ভুট্টা ৫.৫১/- টাকা বৃদ্ধি পেয়েছে ।

➢ **নিম্নে গ্রাফে চালের দর এর হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলো:**







➢ **নিম্নে গ্রাফে গম, আটা ও ভুট্টার পাইকারী ও খুচরা গড় বাজারদর এর হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলো:**







## ৩। চাল এর আমদানির তুলনামূলক হালচিত্র:

সারণী – ১.৬ **(হাজার মেঃ টন)**

| **চাল** | **জুলাই/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩** | **জুলাই/২০২২ হতে জুন/২০২৩** |
|---|---|---|
| সরকারি পর্যায়ে | ০ | ৬৩৩.৯৪ |
| বেসরকারি পর্যায়ে | ০ | ৪২১.৬২ |
| মোট | ০ | ১০৫৫.৫৬ |

**তথ্য সূত্রঃ এফ পি এম ইউ**

➢ **চাল এর আমদানির তুলনামূলক চিত্র**



## ৪। গম এর আমদানির তুলনামূলক হালচিত্র:

সারণী – ১.৭ (হাজার মেট্রিক টন)

| গম | জুলাই/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ | জুলাই/২০২২ হতে জুন/২০২৩ |
|---|---|---|
| সরকারি পর্যায়ে | ২০৮.৬৫ | ৬৭৯.৬৫ |
| বেসরকারি পর্যায়ে | ২৩৯৪.৪৪ | ৩১৯৫.৪৫ |
| মোট | ২৬০৩.০৯ | ৩৮৭৫.১ |

**তথ্য সূত্রঃ- Food Planing and Monitoring Unit (FPMU)**

➤ **গম এর আমদানির তুলনামূলক চিত্র**




## ৫। খাদ্য শস্যের আন্তর্জাতিক বাজার মূল্যঃ

**ডলার/মে.টন**

| খাদ্যশস্য | ডিসেম্বর'২০২৩ মাসে মূল্য | এক সপ্তাহ পূর্বের মূল্য ২৭/১২/২০২৩ | এক বৎসর পূর্বের মূল্য ডিসেম্বর' ২০২২ |
|---|---|---|---|
| চাল | ৫১৫ | ৫১৫ | ৩৯০ |
| গম | ২৪২ | ২৪২ | ৩০৭ |

উপরোক্ত বাজার মূল্য পর্যালোচনা করলে দেখা যায়, এক সপ্তাহের ব্যবধানে চালের মূল্য ও গমের মূল্য স্থিতিশীল রয়েছে।

## ৬ । বাজারদর নিয়ন্ত্রিত পর্যায়ে রাখার সম্ভাব্য সুপারিশঃ

- মৌসুমে স্বল্প মূল্যে কৃষি পণ্য বিক্রয়ের (Distress Sale) মাধ্যমে কৃষকরা যাতে ক্ষতির স্বীকার না হন সেলক্ষ্যে শস্য গুদাম ঋণ কার্যক্রম জোরদারকরণ এবং সারা দেশ ব্যাপী সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা।
- সরকারি গোডাউনের ধারণ ক্ষমতা বৃদ্ধিপূর্বক ধানের উৎপাদন ও চাহিদা বিবেচনায় নিয়ে সংগৃহীত ধান সরকারি গোডাউন এবং মিলারদের গোডাউনে সংরক্ষণ করে ক্রাশিং এর ব্যবস্থা করা। কৃষকের কাছ থেকে ধান ক্রয়ের পরিমাণ বৃদ্ধির মাধ্যমে ধানের ন্যায্যমূল্য নিশ্চিত করা।
- কৃষি যান্ত্রিকীকরণের উপর অধিক জোর দেয়া।
- ধান চালের সরকারী মজুদের ধারণক্ষমতা বাড়ানো।
- ধানের উৎপাদন খরচ হ্রাসের লক্ষ্যে কৃষি উপকরনের উপর ভর্তুকি প্রদানসহ সরকার প্রদত্ত কৃষি সহায়তাসমূহ সরাসরি কৃষকদের নিকট পৌঁছানোর কার্যকরী ব্যবস্থা গ্রহণ।
- মিল মালিকদের গুদামের ১০% সরকার ব্যবহারের সুযোগ থাকতে হবে।
- মিল মালিক ও আড়তদারগণ অতিরিক্ত মজুদ না রাখে এ জন্য নিয়মিত মনিটরিং করতে হবে।

## ডাল জাতীয় ফসলের মূল্য পরিস্থিতির মাসিক ও বার্ষিক তুলনামুলক পর্যালোচনাঃ

আমাদের নিত্য প্রয়োজনীয় পণ্যের তালিকায় ডাল একটি গুরুত্বপূর্ন পণ্য। দেশজ উৎপাদন ও আমদানির মাধ্যমে ডালের চাহিদা পূরণ হয়ে থাকে। তাই বাজার মূল্যে বেশ পরিবর্তন লক্ষ্যনীয়। নিয়মিত কার্যক্রমের আওতায় কৃষি বিপণন অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসসমূহ হতে প্রাপ্ত সাপ্তাহিক বাজারদর বুলেটিন সদর দপ্তরে সংকলন করা হয়।

নভেম্বর'২০২৩ মাসের সাথে রিপোর্টিং মাস ডিসেম্বর'২০২৩ এবং একই সময় ডিসেম্বর'২০২৩ মাসের সাথে ডিসেম্বর'২০২২ মাসের বিভিন্ন প্রকার ডালের পাইকারী জাতীয় গড় বাজার দর এবং মাসিক ও বাৎসরিক হ্রাস/বৃদ্ধির হার নিয়ে সারণীতে প্রদর্শন করা হলো।

➤ সারণী- ১: বিভিন্ন প্রকার ডালের পাইকারী বাজারদর পরিস্থিতি

সারণী – ১.৮ (টাকা/প্রতি কুইন্টাল)

| ক্রঃ নং | দ্রব্যের নাম | রিপোর্টিং মাস | গত মাস | গত বছর | মাসিক দরের হ্রাস বৃদ্ধি | বাৎসরিক দরের হ্রাস বৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|
| | | ডিসেম্বর /২৩ | নভেম্বর /২৩ | ডিসেম্বর /২২ | | |
| ১ | ডাল-মাশ- গোটা | ১৪৬২২ | ১৪১১০ | ১১৬১৮ | ৩.৬৩% | ২৫.৮৬% |
| ২ | ডাল-মাশ-ভাংগা | ১৫৭৫০ | ১৫৭৩৪ | ১২৬২৭ | ০.১০% | ২৪.৭৩% |
| ৩ | ডাল-মসুর-দেশী-গোটা | ১২৪৯১ | ১২৩৯৪ | ১২৩৪৯ | ০.৭৮% | ১.১৫% |
| ৪ | ডাল-মসুর-দেশী-ভাংগা | ১২০৭৭ | ১০৯৫৫ | ৯৯০৩ | ১০.২৪% | ২১.৯৫% |
| ৫ | ডাল-মসুর-বিদেশী-উন্নমানের | ১০৭১২ | ১০৬৪৩ | ১০১৩৬ | ০.৬৫% | ৫.৬৮% |
| ৬ | ডাল-মুগ-দেশী | ১২৫৬৩ | ১২০৫১ | ১১৬২৪ | ৪.২৫% | ৮.০৮% |
| ৭ | ডাল-ছোলা-গোটা | ৮৬৪২ | ৮৩২৮ | ৭৬২১ | ৩.৭৭% | ১৩.৪০% |
| ৮ | ডাল-ছোলা-ভাংগা | ৮৭৭০ | ৮৪৭৯ | ৭৯০৭ | ৩.৪৩% | ১০.৯১% |
| ৯ | ডাল-মটর-দেশী | ৮৮৯০ | ৮৮৭০ | ৮৮৫১ | ০.২৩% | ০.৪৪% |
| ১০ | ডাল-মটর-বিদেশী | ৫৭৯০ | ৫৭৮৬ | ৬১৮৫ | ০.০৭% | -৬.৩৯% |
| ১১ | ডাল-খেসারী | ৮৩৪০ | ৭৯৫৭ | ৭১০৯ | ৪.৮১% | ১৭.৩২% |

**রিপোর্টিং মাস ডিসেম্বর /২০২৩ গত মাস নভেম্বর /২০২৩ ও গত বছর ডিসেম্বর /২০২২ মাসের ডালের জাতীয় গড় পাইকারী বাজারদর চিত্রের সাহায্যে দেখানো হলো**



### ১.ক. গত মাসের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ

উপরের ছকে বর্ণিত তথ্য পর্যালোচনা করে দেখা যায়, পাইকারী পর্যায়ে নভেম্বর'২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ মাসে প্রায় সকল প্রকার ডালের দর বৃদ্ধি পেয়েছে।

### ১.খ. গত বছরের এই সময়ের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ

ছকে বর্ণিত বাজারদর তথ্য বিশ্লেষণে লক্ষ্য করা যায়, পাইকারী পর্যায়ে ডিসেম্বর'২০২২ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ মাসে ডাল মাশ গোটা ২৫.৮৬%, ডাল মাশ ভাংগা ২৪.৭৩%, ডাল মুগ দেশী ১.১৫%, ডাল মসুর দেশী গোটা ২১.৯৫%, ডাল মসুর দেশী ভাংগা ৫.৬৮% ডাল মসুর বিদেশী উন্নতমানের ৮.০৮%, ডাল ছোলা গোটা ১৩.৪০%, ডাল ছোলা ভাংগা ১০.৯১%, ডাল মটর দেশী ০.৪৪% এবং ডাল খেসারী ১৭.৩২% হারে বৃদ্ধি পেয়েছে। শুধুমাত্র ডাল মটর বিদেশী ৬.৩৯% হারে ডালের দর হ্রাস পেয়েছে।

### ১.গ. বাজারদর হ্রাস বৃদ্ধির কারণঃ

বিদ্যমান বাজারদর পর্যালোচনা করে দেখা যায় নভেম্বর'২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ মাসে সকল প্রকার ডালের দাম বৃদ্ধি পেয়েছে এবং ডিসেম্বর' ২০২২ মাসের তুলনায় ডিসেম্বর'২০২৩ মাসে বেশীর ভাগ ডালের দাম বৃদ্ধি পেয়েছে। ডলারের মূল্য বৃদ্ধির কারনে আমদানি কম হওয়ায় সরবরাহ কম থাকায় চলতি অর্থবছরে সকল ডালের দাম বৃদ্ধি পেয়েছে।

### ২। বাজারদর প্রবণতাঃ

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংকলিত গত ০৬ মাসে বিভিন্ন, প্রকার ডালের জাতীয় পাইকারী গড় বাজারদর পরিবর্তনের চিত্র।

**সারণী-২**

**৬ মাসের পাইকারী দামের পরিবর্তনের চিত্র।**

সারণী – ১.৯ (টাকায়/কুইন্টাল)

| দ্রব্যের নাম | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২৩ | ডিসেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| ডাল-মাশ-গোটা | ১৩১৩৯ | ১৩৫০৬ | ১৪০১৮ | ১৪২১৮ | ১৪১১০ | ১৪৬২২ |
| ডাল-মাশ-ভাংগা | ১৪৬২৮ | ১৪৯৭৫ | ১৫০৮১ | ১৫১১৩ | ১৫৭৩৪ | ১৫৭৫০ |
| ডাল-মসুর-দেশী-গোটা | ১২০৬২ | ১২০০১ | ১২১২২ | ১২২১৮ | ১২৩৯৪ | ১২৪৯১ |
| ডাল-মসুর-দেশী-ভাংগা | ৯৭১১ | ৯৬৫৫ | ৯৭৮৫ | ৯৮৫২ | ১০৯৫৫ | ১২০৭৭ |
| ডাল-মসুর-বিদেশী-উন্নমানের | ১০০৬৫ | ৯৮৩১ | ১০১৭৯ | ১০৩৪৫ | ১০৬৪৩ | ১০৭১২ |
| ডাল-মুগ-দেশী | ১১২৪১ | ১১১৭০ | ১১৩৪২ | ১১৭৫০ | ১২০৫১ | ১২৫৬৩ |
| ডাল-ছোলা-গোটা | ৭৯৭৬ | ৭৮৮২ | ৭৯০০ | ৮০৫০ | ৮৩২৮ | ৮৬৪২ |
| ডাল-ছোলা-ভাংগা | ৭৯৯১ | ৭৯৩৮ | ৮০৫১ | ৮২৪৬ | ৮৪৭৯ | ৮৭৭০ |
| ডাল-মটর-দেশী | ৮১৮৬ | ৭৯৮৬ | ৮০২২ | ৮৩৭৩ | ৮৮৭০ | ৮৮৯০ |
| ডাল-মটর-বিদেশী | ৬০১৮ | ৫৭৭৩ | ৫৭৮০ | ৫৭৭৪ | ৫৭৮৬ | ৫৭৯০ |
| ডাল-খেসারী | ৭০৩২ | ৭০৩২ | ৭২২৯ | ৭২৪০ | ৭৯৫৭ | ৮৩৪০ |

**নিম্নে গ্রাফে জুলাই ' ২০২৩ মাস হতে ডিসেম্বর ' ২০২৩ পর্যন্ত ৬ মাসের পাইকারী দামের হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলো।**




### ৩. পণ্যঃ ভোজ্য তেল

ভোজ্য তেল নিত্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ পণ্য হিসেবে বিবেচিত। সরিষা, সয়াবিন এবং পাম তেল ভোজ্য তেল হিসেবে উল্লেখযোগ্য। সরিষা আমাদের দেশে উৎপাদন হলেও সয়াবিন এবং পাম তেলের চাহিদার পুরোটাই আমদানি করে পূরণ করা হয়। আমদানি নির্ভরতা কমানোর লক্ষ্যে আগামী ০৩ বছরের মধ্যে সরিষার উৎপাদন ৪০-৫০% বাড়ানোর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ভোজ্য তেলের সংকলিত বাজারদর তথ্য পর্যালোচনা পূর্বক নভেম্বর'২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ এবং গত বছর ডিসেম্বর' ২০২২ মাসের তুলনায় ডিসেম্বর' ২০২৩ মাসে বিভিন্ন ধরনের ভোজ্য তেলের মাসিক পাইকারী জাতীয় গড় বাজার দর এবং মাসিক ও বাৎসরিক হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারণীতে প্রদর্শন করা হলো

➤ **বিভিন্ন প্রকার ভোজ্য তেলের পাইকারী বাজারদর পরিস্থিতি**

সারণী – ১.১০ (টাকা/ প্রতি ১০০ লি)

| ক্রঃ নং | দ্রব্যের নাম | চলতি মাস | গত মাস | গত বছর | মাসিক দরের হ্রাস/বৃদ্ধি | বাৎসরিক দরের হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|
| | | ডিসেম্বর /২০২৩ | নভেম্বর /২০২৩ | ডিসেম্বর/২০২২ | | |
| ১ | তেল-সরিষা-উন্নমানের | ১৯৭০৫ | ১৯৮২০ | ২১৮৯২ | -০.৫৮% | -৯.৯৯% |
| ৩ | তেল-সয়াবিন-(খোলা) | ১৫৩৮১ | ১৫২৯৯ | ১৭২৭৭ | ০.৫৪% | -১০.৯৭% |
| ৪ | তেল-পাম | ১২৩৫০ | ১২২৩৯ | ১৩৪২৮ | ০.৯১% | -৮.০৩% |

**রিপোর্টিং মাস  ডিসেম্বর/২০২৩ গত মাস  নভেম্বর /২০২৩ ও গত বছর  ডিসেম্বর /২০২২ মাসের ডালের জাতীয় গড় পাইকারী বাজারদর চিত্রের সাহায্যে দেখানো হলো**




**৩. ক . গত মাসের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ**

উল্লেখিত ছকের তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, নভেম্বর'২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ মাসে সরিষা তেলের দাম কিছুটা হ্রাস পেয়েছে এছাড়া সকল প্রকার তেলের দর বৃদ্ধি পেয়েছে।

**৩. খ . গত বছরের সাথে তুলনামূলক পর্যালোচনাঃ**

ছকে বর্ণিত বাজারদর তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, ডিসেম্বর'২০২২ মাসের তুলনায় ডিসেম্বর' ২০২৩ মাসে সকল তেলের দাম হ্রাস পেয়েছে।

**৬ মাসের তেল সরিষা উন্নতমানের, তেল সয়াবিন (খোলা) এবং পাম তেল এর পাইকারী দামের পরিবর্তনের চিত্র।**

সারণী – ১.১১ (টাকায়/লিটার)

| দ্রব্যের নাম | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২৩ | ডিসেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| তেল-সরিষা-উন্নতমানের | ২১০২০ | ২০৬৩৭ | ২০২৮৬ | ২০০৭৮ | ১৯৮২০ | ১৯৭০৫ |
| তেল-সয়াবিন-(খোলা) | ১৬২৮০ | ১৫৯২৯ | ১৫৫৭২ | ১৫২৬৯ | ১৫২৯৯ | ১৫৩৮১ |
| তেল-পাম | ১২৬২২ | ১২৪৯২ | ১২৩৭৫ | ১২১৮৯ | ১২২৩৯ | ১২৩৫০ |

**নিম্নে গ্রাফে জুলাই ' ২০২৩ মাস  হতে ডিসেম্বর ' ২০২৩ পর্যন্ত ৬ মাসের পাইকারী দামের হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলো।**




**৩.গ. বাজারদর হ্রাস/বৃদ্ধির কারণঃ**

জুলাই '২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর'২০২৩ মাসে সকল প্রকার তেলের দাম হ্রাস পেয়েছে। আন্তর্জাতিক বাজারে তেলের দাম হ্রাস পাওয়ায় স্থানীয় বাজারে দাম হ্রাস পেয়েছে।

**পেঁয়াজ (দেশী ও আমদানিকৃত), রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়াঃ**

**বাজারদর পরিস্থিতিঃ** মসলা জাতীয় পণ্য আমাদের নিত্য প্রয়োজনীয় পণ্যের মধ্যে উল্লেখযোগ্য যার গুরুত্ব অপরিসীম। দেশজ উৎপাদন ও আমদানির মাধ্যমে এর চাহিদা পূরন হয়ে থাকে। তাই বাজার মূল্যেও বেশ তারতম্য লক্ষ্য করা যায়। কৃষি বিপণন অধিদপ্তরের সদর দপ্তরে জেলা অফিসসমূহ হতে প্রাপ্ত সাপ্তাহিক বাজারদর বুলেটিন হতে সংকলিত বাজারদর নভেম্বর'২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর'২০২৩ মাসে পেঁয়াজ (দেশী ও আমদানিকৃত), রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ-দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী ও খুচরা পর্যায়ে জাতীয় গড় মাসিক বাজার দরের হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারণীতে প্রদর্শন করা হলো।

সারণী- ১.১২ (টাকায়)

| পণ্যের নাম | পাইকারী (প্রতি কুইন্টাল) | | খুচরা (প্রতি কেজি) | | মাসিক দরের হ্রাস বৃদ্ধি | |
|---|---|---|---|---|---|---|
| | **ডিসেম্বর/২৩** | **নভেম্বর/২৩** | **ডিসেম্বর/২৩** | **নভেম্বর/২৩** | প্রতি কুইন্টাল | প্রতি কেজি |
| পেঁয়াজ-দেশী | ৯৯৫২ | ১০৬৪৪ | ১১৬ | ১১৬ | -৬.৫০% | ০.০০% |
| পেঁয়াজ-বিদেশী | ১১১৩৫ | ৯২৭৭ | ১২২ | ১০০ | ২০.০৩% | ২২.০০% |
| রসুন-দেশী | ২০৭৯১ | ১৮৫২৪ | ২২৯ | ২০৭ | ১২.২৪% | ১০.৬৩% |
| রসুন-বিদেশী | ১৮৯৪৭ | ১৬৭১৪ | ২০৮ | ১৮৭ | ১৩.৩৬% | ১১.২৩% |
| শুকনা-মরিচ | ৩৮৯৭৪ | ৩৮৯৫৪ | ৪২৪ | ৪২৩ | ০.০৫% | ০.২৪% |
| কাঁচা মরিচ | ৬২৪২ | ৯১৩৬ | ৭৯ | ১১২ | -৩১.৬৮% | -২৯.৪৬% |
| আদা-দেশী | ১৮৬৪৯ | ১৯১০৮ | ২০৭ | ২১৬ | -২.৪০% | -৪.১৭% |
| আদা-বিদেশী | ১৮৫৫৭ | ১৯০১৭ | ২০৮ | ২১৫ | -২.৪২% | -৩.২৬% |
| হলুদ-গোল | ১৯২২০ | ১৮৭৬৯ | ২১৪ | ২১১ | ২.৪০% | ১.৪২% |
| হলুদ-লম্বা | ১৯৮৭৯ | ১৯৪০০ | ২১৯ | ২১৪ | ২.৪৭% | ২.৩৪% |
| ধনিয়া | ১৮৭১৮ | ১৭৮৯২ | ২১০ | ২০১ | ৪.৬২% | ৪.৪৮% |

**নভেম্বর /২০২৩ ও ডিসেম্বর/২০২৩ মাসের জাতীয় গড় পাইকারী মূল্য এর পরিবর্তনের চিত্র**

(টাকায়/কুইন্টাল)



## নভেম্বর /২০২৩ ও ডিসেম্বর/২০২৩ মাসের জাতীয় গড় খুচরা মূল্য এর পরিবর্তনের চিত্র




**পর্যালোচনাঃ** নভেম্বর'২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর'২০২৩ মাসে পাইকারী ও খুচরা জাতীয় গড় বাজার দরের হ্রাস/বৃদ্ধির পরিস্থিতি পর্যালোচনা নিম্নরূপ-

- পেঁয়াজ (দেশী) এর দাম নভেম্বর'২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর'২০২৩ মাসে পাইকারী দাম ৬.৫০% হারে বৃদ্ধি পেয়েছে এবং খুচরা দাম অপরিবর্তিত রয়েছে। পেঁয়াজ (বিদেশী) পাইকারী দাম ২০.০৩% হারে এবং খুচরা দাম ২২.০০% হারে বৃদ্ধি পেয়েছে।
- রসুন (দেশী)পাইকারী ১২.২৪% হারে ও খুচরা দাম ১০.৬৩% হারে বৃদ্ধি পেয়েছে। রসুন(বিদেশী) পাইকারী ১৩.৩৬% হারে এবং খুচরা দাম ১১.২৩% হারে বৃদ্ধি পেয়েছে।
- শুকনা মরিচ এর দাম নভেম্বর'২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর'২০২৩ মাসে পাইকারী দাম ০.০৫% হারে বৃদ্ধি পেয়েছে এবং খুচরা দাম ০.২৪% হারে বৃদ্ধি পেয়েছে।
- কাঁচা মরিচ এর দাম নভেম্বর'২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর'২০২৩ মাসে পাইকারী দাম ৩১.৬৮% হারে এবং খুচরা দাম ২৯.৪৬%হারে হ্রাস পেয়েছে।
- আদা (দেশী) এর দাম নভেম্বর'২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর'২০২৩ মাসে পাইকারী দাম ২.৪০% হারে হ্রাস পেয়েছে ও খুচরা দাম ৪.১৭% হারে হ্রাস পেয়েছে। আদা (বিদেশী) পাইকারী দাম ২.৪২% হারে ও খুচরা দাম ৩.২৬% হারে হ্রাস পেয়েছে।
- হলুদ (গোল) এর পাইকারী দাম ২.৪০% হারে এবং খুচরা দাম ১.৪২% হারে বৃদ্ধি পেয়েছে। পক্ষান্তরে হলুদ (লম্বা) পাইকারী দাম ২.৪৭% হারে এবং খুচরা দাম ২.৩৪% হারে বৃদ্ধি পেয়েছে।
- ধনিয়ার পাইকারী দাম ৪.৬২% হারে এবং খুচরা দাম ৪.৪৮%হারে বৃদ্ধি পেয়েছে।

ডিসেম্বর'২০২৩ মাসে খুচরা পর্যায়ে পেঁয়াজ বিদেশী এর দাম সর্বোচ্চ বৃদ্ধি পেয়েছে ২২.০০%। সর্বনিম্ম বৃদ্ধি পেয়েছে শুকনা মরিচ ০.২৪%। অন্যদিকে, পাইকারী পর্যায়ে সর্বোচ্চ বৃদ্ধি পেয়েছে পেঁয়াজ বিদেশী ২০.০৩% এবং সর্বনিম্ম বৃদ্ধি পেয়েছে শুকনা মরিচ ০.০৫%।

## বাজারের গতি প্রবাহঃ

ক) কৃষি বিপণন অধিদপ্তরের সাপ্তাহিক বাজারদর বুলেটিনের মাধ্যমে বিগত ৬ মাসের সংকলিত জাতীয় গড় বাজারদরের ভিত্তিতে পেঁয়াজ (দেশী ও আমদানিকৃত), রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী বাজারদরের গতি প্রবাহ নিম্নে সারণীর মাধ্যমে উপস্থাপন করা হলো-

**৬ মাসের পাইকারী মূল্য পরিবতর্নের চিত্র/ধারাক্রম**

সারণী – ১.১৩

| পণ্যের নাম | জুলাই /২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২৩ | ডিসেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পেঁয়াজ-দেশী | ৫৮৭৫ | ৬৬৬৫ | ৬৮৫৮ | ৭৯৯৭ | ১০৬৪৪ | ৯৯৫২ |
| পেঁয়াজ-বিদেশী | ৩৫৯২ | ৪৮৬৬ | ৫৫৮৫ | ৬৭৭৬ | ৯২৭৭ | ১১১৩৫ |
| রসুন-দেশী | ১৪৪৮৫ | ১৯০৯৫ | ১৯১০০ | ১৮৪৯৫ | ১৮৫২৪ | ২০৭৯১ |
| রসুন-বিদেশী | ১৭০১৮ | ১৯৬১২ | ১৮৭০৪ | ১৭০৯৯ | ১৬৭১৪ | ১৮৯৪৭ |
| শুকনা-মরিচ | ৩৮৬৪৬ | ৩৯৩৩৫ | ৩৮৯২১ | ৩৮৯২৮ | ৩৮৯৫৪ | ৩৮৯৭৪ |
| কাঁচা মরিচ | ২২৬৮৫ | ১৫১৩১ | ১০৬৬৫ | ১৫১২৩ | ৯১৩৬ | ৬২৪২ |
| আদা-দেশী | ২৬০০৯ | ২০৭৩২ | ২১০৯৬ | ২০৪৫১ | ১৯১০৮ | ১৮৬৪৯ |
| আদা-বিদেশী | ২১২১২ | ১৬৩২৯ | ১৮৫২৬ | ১৯১৩১ | ১৯০১৭ | ১৮৫৫৭ |
| হলুদ-গোল | ১৪৬৪১ | ১৬৪৮৭ | ১৭৬৮৩ | ১৮১৪৯ | ১৮৭৬৯ | ১৯২২০ |
| হলুদ-লম্বা | ১৫৬৪৭ | ১৬৬২৩ | ১৮২০২ | ১৮৮৩৭ | ১৯৪০০ | ১৯৮৭৯ |
| ধনিয়া | ১৬৪১৭ | ১৬৭৮৮ | ১৭২০০ | ১৭৮০৯ | ১৭৮৯২ | ১৮৭১৮ |

**জুলাই '২৩ হতে ডিসেম্বর/২৩ মাস পর্যন্ত পেঁয়াজ ও রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী দামের গতি প্রবাহ**




বিগত ৬ মাসের পাইকারী বাজার দর পর্যালোচনা করলে দেখা যায় সকল পণ্য যথাঃ পেঁয়াজ বিদেশী, রসুন দেশী ও বিদেশী, শুকনা মরিচ, হলুদ গোল ও লম্বা এবং ধনিয়ার দাম বৃদ্ধি পেয়েছে। এছাড়া পেঁয়াজ দেশী, কাঁচা মরিচ, আদা দেশী ও বিদেশী, পণ্যের দাম হ্রাস পেয়েছে।

## ৬ মাসের খুচরা মূল্য পরিবতর্নের চিত্র/ধারাক্রম

সারণী – ১.১৪

| পণ্যর নাম | জুলাই/২৩ | আগষ্ট/২৩ | সেপ্টেম্বর/২৩ | অক্টোবর/২৩ | নভেম্বর/২৩ | ডিসেম্বর/২৩ |
|---|---|---|---|---|---|---|
| পেঁয়াজ-দেশী | ৬৫ | ৭৩ | ৭৫ | ৮৬ | ১১৬ | ১১৬ |
| পেঁয়াজ-বিদেশী | ৪১ | ৫৫ | ৬২ | ৬৯ | ১০০ | ১২২ |
| রসুন-দেশী | ১৬৪ | ২১২ | ২১৫ | ২০৭ | ২০৭ | ২২৯ |
| রসুন-বিদেশী | ১৮৭ | ২১৭ | ২০৭ | ১৯০ | ১৮৭ | ২০৮ |
| শুকনা-মরিচ | ৪২৭ | ৪২৭ | ৪২৭ | ৪২৮ | ৪২৩ | ৪২৪ |
| কাঁচা মরিচ | ২৬৪ | ১৭৭ | ১২৯ | ১৭৮ | ১১২ | ৭৯ |
| আদা-দেশী | ২৮৩ | ২৩৪ | ১৪৪ | ২২৪ | ২১৬ | ২০৭ |
| আদা--বিদেশী | ২৪২ | ১৮৯ | ২১১ | ২১৬ | ২১৫ | ২০৮ |
| হলুদ-গোল | ১৬৫ | ১৮৭ | ২০১ | ২০৩ | ২১১ | ২১৪ |
| হলুদ-লম্বা | ১৭৭ | ১৯০ | ২০৩ | ২০৮ | ২১৪ | ২১৯ |
| ধনিয়া | ১৮৪ | ১৮৮ | ১৯২ | ১৯৬ | ২০১ | ২১০ |

**জুলাই ’২৩ হতে ডিসেম্বর/২৩ পর্যন্ত  পেঁয়াজ ও রসুন (দেশী ও আমদানিকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানিকৃত), হলুদ দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের  খুচরা দামের গতি প্রবাহ ।**




বিগত ৬ মাসের খুচরা বাজার দর পর্যালোচনা করলে দেখা যায় সকল পণ্য যথাঃ পেঁয়াজ বিদেশী, রসুন  দেশী ও বিদেশী, হলুদ গোল, হলুদ লম্বা, শুকনা মরিচ ও ধনিয়ার দাম বৃদ্ধি পেয়েছে। অপরদিকে পেঁয়াজ দেশী, কাঁচা মরিচ, আদা দেশী, আদা বিদেশী এর দাম হ্রাস পেয়েছে।

## অর্থকরী ফসলের বাজার মূল্য পরিস্থিতির মাসিক পর্যালোচনা প্রতিবেদন (তামাক, পাট ও তুলা)

**সার সংক্ষেপঃ**

২০২২-২০২৩ অর্থ বছরে সামগ্রিক ভাবে ৭৬,০৫০ একর জমিতে তামাকের আবাদ হয় এবং ৬৯,৯৮০ মেঃ টন তামাক উৎপাদন করা যায়। কোথাও চাষী পর্যায়ে তামাক অবিক্রিত থাকার খবর পাওয়া যায়নি। তাপশোধিত এবং বার্লি জাতের তামাক সংশ্লিষ্ট কোম্পানীসমূহ চাষী পর্যায় হতে ক্রয় করে মার্চ থেকে জুন মাসের মধ্যে। এরপর দেশি জাতের তামাক ক্রয় বিক্রয় হয়।

নভেম্বর /২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ মাসে মতিহার তামাকের পাইকারি মূল্য ৩২.৭৫% বৃদ্ধি পেয়েছে এবং জাতি তামাকের পাইকারী মূল্য ২.৬৮% বৃদ্ধি পেয়েছে। ডিসেম্বর/২০২২ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ মাসে মতিহার তামাকের পাইকারী মূল্য ২০.৪১% বৃদ্ধি পেয়েছে ও জাতি তামাকের পাইকারী মূল্য ২১.৮১% বৃদ্ধি পেয়েছে।

নভেম্বর/২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ মাসে মতিহার তামাকের খুচরা মূল্য ৩৫.০০% বৃদ্ধি পেয়েছে এবং জাতি তামাকের খুচরা মূল্য ৭.৪৬% বৃদ্ধি পেয়েছে।

নভেম্বর/২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ মাসে পাট (তোষা) এর জাতীয় গড় পাইকারী মূল্য -০.৪৩% হ্রাস পেয়েছে। গত বৎসরের একই মাসের পাইকারী মূল্যের জাতীয় গড় দাম এর চেয়ে এ বৎসরের পাট (তোষা) এর জাতীয় পাইকারী বাজার দর -৩৩.৬৫% হ্রাস পেয়েছে।

নভেম্বর/২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ মাসে শিমুল তুলার পাইকারী মূল্য ৭.৫৩% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার পাইকারী মূল্য ৪.২০% বৃদ্ধি পেয়েছে। গত বৎসরের তুলনায় এ বৎসরে শিমুল তুলার পাইকারী মূল্য ১১.৬২% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার পাইকারী মূল্য ১১.৪১% বৃদ্ধি পেয়েছে।

নভেম্বর/২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ মাসে শিমুল তুলার খুচরা মূল্য ০.২০% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার খুচরা মূল্য ৫.৫০% বৃদ্ধি পেয়েছে। গত বৎসরের তুলনায় এ বৎসরে শিমুল তুলার খুচরা মূল্য ২.৬৯% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার খুচরা মূল্য ১৯.১৭% বৃদ্ধি পেয়েছে।

**পণ্যঃ তামাক**

ভিন্ন তামাক কোম্পানী, রংপুর তামাক ব্যবসায়ী সমিতি ও মাঠ পর্যায়ের অফিস সমূহ হতে প্রাপ্ত তথ্য মতে ২০২১-২০২২ অর্থ বছরে সামগ্রিক ভাবে ১,১২,৯২৭ একর জমিতে তামাকের আবাদ হয় এবং ৯১,৫৭৩ মেঃ টন তামাক উৎপাদন হয়। কোথাও চাষী পর্যায়ে তামাক অবিক্রিত থাকার খবর পাওয়া যায়নি। তাপশোধিত এবং বার্লি জাতের, যা সরাসরি তামাক সংশ্লিষ্ট কোম্পানীসমূহ চাষী পর্যায় হতে ক্রয় করে। কৃষি মূল্য উপদেষ্টা কমিটি কর্তৃক চাষী পর্যায় হতে ক্রয়ের জন্য প্রতি বছর তামাক ফসলের সর্বনিম্ন মূল্য নির্ধারণ করে দেয়া হয়। দেশী তামাকের কেনাবেচা খোলা বাজার হতে সম্পাদিত হয় এবং এর মধ্যে মতিহার, জাতি ও ডিভি তামাকের পরিমাণই বেশী। কিছু পরিমাণ বাংলাদেশের গুরুত্বপূর্ণ ১০টি জেলা হতে প্রাপ্ত মতিহার ও জাতি তামাক এর পাইকারি গড় বাজার দর এর ভিত্তিতে মাসিক ও বাৎসরিক মূল্য হ্রাস-বৃদ্ধির তুলনামূলক পর্যালোচনা নীচে প্রদত্ত হলো।

## তামাক ফসলের পাইকারি মুল্য পরিস্থিতি

সারণী – ১.১৫ টাকা/কুইন্টাল

| পণ্যের নাম | ডিসেম্বর/২০২৩ | নভেম্বর/২০২৩ | ডিসেম্বর/২০২২ | মাসিক হ্রাস/বৃদ্ধি | বাৎসরিক হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|
| মতিহার | ১৭৩৫৩ | ১৩০৭২ | ১৪৪১১ | ৩২.৭৫% | ২০.৪১% |
| জাতি | ২০৭০৮ | ২০১৬৭ | ১৭০০০ | ২.৬৮% | ২১.৮১% |




নভেম্বর /২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ মাসে মতিহার তামাকের পাইকারি মূল্য ৩২.৭৫% বৃদ্ধি পেয়েছে এবং জাতি তামাকের পাইকারী মূল্য ২.৬৮% বৃদ্ধি পেয়েছে। ডিসেম্বর/২০২২ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ মাসে মতিহার তামাকের পাইকারী মূল্য ২০.৪১% বৃদ্ধি পেয়েছে ও জাতি তামাকের পাইকারী মূল্য ২১.৮১% বৃদ্ধি পেয়েছে।

**নভেম্বর/২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ মাসে তামাকের বাজার মুল্যের তুলনাঃ**

**তামাক ফসলের খুচরা মূল্য পরিস্থিতি**

সারণী – ১.১৬ টাকা/কেজি

| পণ্যের নাম | ডিসেম্বর/২০২৩ | নভেম্বর/২০২৩ | মাসিক হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|
| মতিহার | ২১৬.০০ | ১৬০.০০ | ৩৫.০০% |
| জাতি | ২৪৫.০০ | ২২৮.০০ | ৭.৪৬% |




**তামাকের সরকার নির্ধারিত মূল্য-এর সাথে বাজার মূল্যের তুলনা'র চিত্র**

নভেম্বর/২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ মাসে মতিহার তামাকের খুচরা মূল্য ৩৫.০০% বৃদ্ধি পেয়েছে এবং জাতি তামাকের খুচরা মূল্য ৭.৪৬% বৃদ্ধি পেয়েছে।

**পাটঃ**

প্রধান তিনটি আঁশ ফসল হলো পাট, কেনাফ ও মেস্তা। এদের মধ্যে পাট প্রধান অর্থকরী ফসল। পাটের দুইটি প্রজাতি-দেশী ও তোষা। দেশী পাটের ফল গোলাকার ও পাতার স্বাদ তিতা। তোষা পাটের ফল লম্বা এবং পাতার স্বাদ তিতা নয়। পাট উৎপাদনে অগ্রগামী জেলাগুলো হলো- ফরিদপুর, যশোর, ঢাকা, টাঙ্গাইল, কুষ্টিয়া, জামালপুর ও পাবনা। পাটের আঁশ থেকে পাটের সুতা, ব্যাগ, বস্তা, পর্দা, কার্পেট ও সংশ্লিষ্ট পণ্য তারপুলিন, প্যাকিং দ্রব্যাদি উৎপাদিত হয়। এছাড়াও পার্টিকেল বোর্ড, পাট-প্লাস্টিক ও অনুরূপ দ্রব্য তৈরিতে পাটের ব্যবহার হচ্ছে। কৃষকের জ্বালানির সিংহভাগই আসে পাটখড়ি থেকে। পাটের পাতা শাক হিসেবে ব্যবহার হয় এবং খুবই সুস্বাদু। দেশের শতকরা ৬০ ভাগ কৃষক পাট চাষ করে জীবিকা নির্বাহ করে। দেশে উৎপাদিত পাটের শতকরা ৭০ ভাগ দেশে ব্যবহার হয়, ৩০ ভাগ কাঁচা পাট ও পাটজাত দ্রব্য হিসেবে রপ্তানী হয়।

**<u>পাট ও তুলা ফসলের পাইকারী মূল্য পরিস্থিতি</u>**

সারণী – ১.১৭ (টাকা/কুইন্টাল)

| পণ্যের নাম | ডিসেম্বর/২০২৩ | নভেম্বর/২০২৩ | ডিসেম্বর/২০২২ | মাসিক হ্রাস/বৃদ্ধি | বাৎসরিক হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|
| পাট (তোষা) | ৫১০৯ | ৫১৩১ | ৭৭০০ | -০.৪৩% | -৩৩.৬৫% |
| তুলা (শিমুল) | ৪৫০৩৬ | ৪১৮৮৪ | ৪০৩৪৬ | ৭.৫৩% | ১১.৬২% |
| তুলা (কার্পাস) | ২০৭৫০ | ১৯৯১৩ | ১৮৬২৫ | ৪.২০% | ১১.৪১% |




**পাট ও তুলা ফসলের পাইকারী মূল্য চিত্র**

**পাটঃ** নভেম্বর/২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ মাসে পাট (তোষা) এর জাতীয় গড় পাইকারী মূল্য -০.৪৩% হ্রাস পেয়েছে। গত বৎসরের একই মাসের পাইকারী মূল্যের জাতীয় গড় দাম এর চেয়ে এ বৎসরের পাট (তোষা) এর জাতীয় পাইকারী বাজার দর -৩৩.৬৫% হ্রাস পেয়েছে।

**তুলাঃ** নভেম্বর/২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ মাসে শিমুল তুলার পাইকারী মূল্য ৭.৫৩% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার পাইকারী মূল্য ৪.২০% বৃদ্ধি পেয়েছে। গত বৎসরের তুলনায় এ বৎসরে শিমুল তুলার পাইকারী মূল্য ১১.৬২% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার পাইকারী মূল্য ১১.৪১% বৃদ্ধি পেয়েছে।

## তুলা ফসলের খুচরা মূল্য পরিস্থিতি

সারণী – ১.১৮ (টাকা/কেজি)

| পণ্যের নাম | ডিসেম্বর/২০২৩ | নভেম্বর/২০২৩ | ডিসেম্বর/২০২২ | মাসিক হ্রাস/বৃদ্ধি | বাৎসরিক হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|
| তুলা (শিমুল) | ৪৯৬.০০ | ৪৯৫.০০ | ৪৮৩.০০ | ০.২০% | ২.৬৯% |
| তুলা (কার্পাস) | ২৩০.০০ | ২১৮.০০ | ১৯৩.০০ | ৫.৫০% | ১৯.১৭% |

### তুলা ফসলের খুচরা মূল্য চিত্র




**পাটঃ** জেলা পর্যায়ের বিভিন্ন বাজারে পাট-এর খুচরা পর্যায়ে বিক্রয় না হওয়ার কারণে তুলনামূলক বাজার দর-এ খুচরা মূল্য দেখানো হয়নি।

**তুলাঃ** নভেম্বর/২০২৩ মাসের তুলনায় ডিসেম্বর/২০২৩ মাসে শিমুল তুলার খুচরা মূল্য ০.২০% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার খুচরা মূল্য ৫.৫০% বৃদ্ধি পেয়েছে। গত বৎসরের তুলনায় এ বৎসরে শিমুল তুলার খুচরা মূল্য ২.৬৯% বৃদ্ধি পেয়েছে এবং কার্পাস তুলার খুচরা মূল্য ১৯.১৭% বৃদ্ধি পেয়েছে।

### কতিপয় প্রাণি সম্পদ ও মৎস্য সম্পদের জাতীয় পাইকারী গড় বাজারদরের মাসিক ও বার্ষিক হ্রাস-বৃদ্ধির পর্যালোচনা প্রতিবেদনঃ

সারণী – ১.১৯ (টাকা/কুইন্টাল)

| পণ্যের নাম | গত মাস | চলতি মাস | মাসিক দরের হ্রাস/বৃদ্ধি (%) | গত বছর | বাৎসরিক দরের হ্রাস/বৃদ্ধি (%) |
|---|---|---|---|---|---|
| | নভেম্বর/২০২৩ | ডিসেম্বর/২০২৩ | | ডিসেম্বর /২০২২ | |
| মোরগ-মুরগী-দেশি (বড়) | ৪৫২০১ | ৪৫০৮৪ | -০.২৬% | ৪০১৪৪ | ১২.৩১% |
| মোরগ-মুরগী-দেশি (মাঝারী) | ৪৪৩২০ | ৪৪২৯২ | -০.০৬% | ৩৮৯০৩ | ১৩.৮৫% |
| মোরগ-মুরগী-(ফার্ম) | ১৫৬৩৩ | ১৫৮২৮ | ১.২৫% | ১৩৫৩৭ | ১৬.৯২% |
| গরুর মাংস | ৬৮৬৩২ | ৬৫০৮১ | -৫.১৭% | ৬২৭৭২ | ৩.৬৮% |
| খাসীর মাংস | ৯২৯৯০ | ৯২৯৭৩ | -০.০২% | ৮১৩৮১ | ১৪.২৪% |
| ডিম-মুরগী-দেশী (১০০)টি | ১৫৪৬ | ১৫২৪ | -১.৪২% | ১৪৪৭ | ৫.৩২% |
| ডিম-মুরগী-ফার্ম (১০০)টি | ১০৪৪ | ৯৫০ | -৯.০০% | ৮৭১ | ৯.০৭% |
| মাছ রুই (মাঝারী) | ৩৬৮৫৪ | ৩৬৭২০ | -০.৩৬% | ৩১৪৮২ | ১৬.৬৪% |
| মাছ রুই ( ছোট) | ২৯১৬৮ | ২৮৩৭৫ | -২.৭২% | ২৪৯৭২ | ১৩.৬৩% |
| মাছ কাতল (মাঝারী) | ৩৪৯৪৮ | ৩৪৫৬০ | -১.১১% | ২৯৬০৮ | ১৬.৭৩% |
| মাছ কাতল (ছোট) | ২৭৫৭৩ | ২৬৬২৯ | -৩.৪২% | ২৩১৩৬ | ১৫.১০% |
| মাছ পাংগাস(ছোট) | ১৫১৯৬ | ১৪৬৭৯ | -৩.৪০% | ১২৬১২ | ১৬.৩৯% |
| মাছ ইলিশ | ৮৫৯১৩ | ৮৮৭০২ | ৩.২৫% | ৭৬৯৫২ | ১৫.২৭% |
| মাছ সিলভার কার্প | ১৭৪৩০ | ১৭৩৮৩ | -০.২৭% | ১৪৫৩৬ | ১৯.৫৯% |

নভেম্বর/ ২০২৩ এর তুলনায় ডিসেম্বর/ ২০২৩ এর পণ্য মূল্যের মাসিক হ্রাস বৃদ্ধির হারঃ

সারণী – ১.২০ টাকা/কুইন্টাল

| হ্রাসকৃত পণ্যের নাম | হ্রাসের হার (%) | বৃদ্ধিপ্রাপ্ত পণ্যের নাম | বৃদ্ধির হার (%) |
|---|---|---|---|
| মোরগ-মুরগী-দেশি (বড়) | ০.২৬% | মোরগ-মুরগী-(ফার্ম) | ১.২৫% |
| মোরগ-মুরগী-দেশি (মাঝারী) | ০.০৬% | মাছ ইলিশ | ৩.২৫% |
| গরুর মাংস | ৫.১৭% | | |
| খাসীর মাংস | ০.০২% | | |
| ডিম-মুরগী-দেশী (১০০)টি | ১.৪২% | | |
| ডিম-মুরগী-ফার্ম (১০০)টি | ৯.০০% | | |
| মাছ রুই (মাঝারী) | ০.৩৬% | | |
| মাছ রুই ( ছোট) | ১.৭২% | | |
| মাছ কাতল (মাঝারী) | ১.১১% | | |
| মাছ কাতল (ছোট) | ৩.৪২% | | |
| মাছ পাংগাস(ছোট) | ৩.৪০% | | |
| সিলভার কার্প | -০.২৭% | | |

নভেম্বর **/২০২৩ মাসের তুলনায় <u>ডিসেম্বর</u> /২০২৩ মাসের পণ্যে মূল্যের হ্রাস বৃদ্ধির পার্থক্য নিয়ে গ্রাফের সাহায্যে দেখানো হলোঃ**




নভেম্বর/২০২৩ মাসের তুলনায় **ডিসেম্বর** /২০২৩ এর মাসের তুলনামূলক বাজার দর পর্যালোচনা করলে দেখা যায় যে, মোরগ-মুরগী-(ফার্ম ১.২৫%, মাছ ইলিশ ৩.২৫% এর মূল্য সামান্য বৃদ্ধি পেয়েছে এবং মোরগ-মুরগী-দেশি (বড়) ০.২৬%, মোরগ-মুরগী-দেশি (মাঝারী ০.০৬%, গরুর মাংস ৫.১৭%, খাসীর মাংশ ০.০২%, ডিম-মুরগী-দেশী(১০০)টি ১.৪২%, ডিম-মুরগী-ফার্ম) ৯.০০%, মাছ রুই (মাঝারী) ০.৩৬%,রুই (ছোট) ১.৭২%, কাতল (মাঝারী) ১. ১১%, কাতল (ছোট) ৩.৪২% পাঙ্গাস (ছোট)) ৩.৪০ %, সিলভার কার্প ০.২৭%, এর মূল্য সামান্য হ্রাস পেয়েছে।

**বৃদ্ধির কারণঃ**

১. চাহিদার তুলনায় সরবরাহ কম;

২. নিত্য প্রয়োজনীয় অন্যান্য সকল পণ্যের দাম বেশি হওয়ায় তার প্রভাব পড়েছে এসব পণ্যে;

৩. পরিবহন খরচ অস্বাভাবিকভাবে বাড়ায় তার প্রভাব পড়েছে উক্ত পন্যের বাজার মূল্যে;

৪ . শ্রমিক ও বিদ্যুৎ খরচসহ আনুষঙ্গিক সকল প্রকার খামার ব্যবস্থাপনা ব্যয় বৃদ্ধি পেয়েছে;

৫. ফিডের মূল্য বৃদ্ধি, বড় কর্পোরেট ব্যবসায়ীদের ,ছোট খামারিদেরকে বাচ্চা কিনতে বাধ্য করা,ফিড কিনতে বাধ্য করা, পরবর্তীতে কোম্পানির কাছে বিক্রি করতে বাধ্য করা হয়। ফলে কোম্পানির ইচ্ছা অনুযায়ী প্রাণিসম্পদ ক্যাটাগরির (মুরগী) পণ্যের দাম বৃদ্ধি পায়।

**হ্রাসের কারণঃ**

**হ্রাসের** কারণগুলো নিচে দেওয়া হলো।

১. এইসব পণ্যের সরবরাহ স্বাভাবিক থাকার ফলে এবং চহিদা তুলনামূলক কম থাকার কারণে মূল্য কিছুটা হ্রাস পেয়েছে।

**ডিসেম্বর / ২০২২ এর** তুলনায় **ডিসেম্বর / ২০২৩ এর পণ্য মুল্যের বাৎসরিক হ্রাস বৃদ্বির হারঃ**

সারণী – ১.২১ (টাকা/কুইন্টাল)

| হ্রাসকৃত পণ্যের নাম | হ্রাসের হার (%) | বৃদ্ধি প্রাপ্ত পণ্যের নাম | বৃদ্ধির হার (%) | |
|---|---|---|---|---|
| | | মোরগ-মুরগী-দেশি (বড়) | ১২.৩১% | |
| | | মোরগ-মুরগী-(মাঝারী) | ১৩.৮৫% | |
